

“ক্ল্যাট ভাড়ার চুক্তিপত্র নমুনা”

_____, পিতা- _____-, সাং- _____
_____, থানা- _____-, ঢাকা, পেশা- _____-, ধর্ম-ইসলাম,
জাতীয়তা-বাংলাদেশী। জাতীয় পরিচয়পত্র নম্বর: _____

_____প্রথম পক্ষ/মালিক।

_____, পিতা- _____-, সাং- _____
_____, থানা- _____-, ঢাকা, পেশা- _____-, ধর্ম-ইসলাম,
জাতীয়তা-বাংলাদেশী। জাতীয় পরিচয়পত্র নম্বর: _____

_____দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়া।

পরম করুনাময় মহান আল্লাহ তায়ালা নাম স্মরণ করিয়া অত্র ক্ল্যাট ভাড়ার চুক্তিপত্র
এর বয়ান আরম্ভ করিলাম। আমি প্রথম পক্ষ নিম্ন তফসিল বর্ণিত ক্ল্যাটের মালিক ও
স্বত্বাধিকারী বটে। আমি আমার তফসিল বর্ণিত ক্ল্যাটটি ভাড়া দেওয়ার প্রস্তাব করিলে
আমি দ্বিতীয় পক্ষ উহা মাসিক ভাড়ায় গ্রহণ করিতে সম্মত হই। উভয় পক্ষের মধ্যে
আলাপ আলোচনার ভিত্তিতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে তফসিল বর্ণিত ক্ল্যাটটি আপনি
দ্বিতীয় পক্ষ ভাড়ায় গ্রহণ করিলেন।

“শর্তাবলী”

১. অত্র ক্ল্যাট ভাড়ার চুক্তিপত্র এর মেয়াদকাল হইবে ১ (এক) বৎসর। যাহা
০০/০০/২০২৪ইং হইতে ০০/০০/২০২৫ইং তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।
২. দ্বিতীয়পক্ষ/ভাড়াটিয়া জামানত হিসাবে প্রথমপক্ষ/মালিক বরাবরে ১০,০০০/-
(নব্বই হাজার) টাকা প্রদান করিয়াছেন। তফসিল বর্ণিত ক্ল্যাটের মাসিক ভাড়া হইবে
৪৫,০০০/- (পাঁচচল্লিশ হাজার) টাকা।

৩. প্রতিমাসের ক্ল্যাট ভাড়া উক্ত মাসের ৫ তারিখের মধ্যে দ্বিতীয়পক্ষ প্রথমপক্ষকে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

৪. দ্বিতীয়পক্ষ ভাড়াকৃত ক্ল্যাটটি আবাসিক হিসাবে ব্যবহার করিবেন এবং গ্যাস, পানি, বিদ্যুৎ সহ আনুসঙ্গিক সুবিধাদি ভোগ করিবেন।

৫. ক্ল্যাটে ব্যবহৃত বিদ্যুৎ বিল, গ্যাস বিল, দ্বিতীয়পক্ষ নিজ দায়িত্বে প্রতি চলতি মাসের ১-৭ তারিখের মধ্যে পরিশোধ করিবেন। যার মূল কপি প্রথম পক্ষকে প্রদান করিবেন।

৬. গ্রহশৈলী মিজান টাওয়ার এর ক্ল্যাট ওনার্স এসোসিয়েশনের নির্ধারিত মাসিক চার্জ যথা সময়ে প্রদান করা সহ বিধিবদ্ধ নিয়ম-কানুন এবং কার্যনির্বাহী সভায় গৃহিত যেকোন সিদ্ধান্ত মানিয়া চলিতে দ্বিতীয়পক্ষ বাধ্য থাকিবেন।

৭. দ্বিতীয়পক্ষ ভাড়াকৃত ক্ল্যাটের অবকাঠামোগত কোন পরিবর্তন করিতে পারিবেন না। পরিবর্তনের কোন প্রয়োজন দেখা দিলে, তাহা অবশ্যই প্রথমপক্ষের জ্ঞাতসারে ও সম্মতিক্রমে করিতে হইবে। উল্লেখ্য যে, দ্বিতীয়পক্ষ বসবাসকালীন সময়ে সকল প্রকার মেইনটেনেন্স খরচ বহন করিবেন তবে ক্ল্যাটের স্থাপনা, বৈদ্যুতিক মিটার, গ্যাসের মিটার সংক্রান্ত কোন ত্রুটি প্রকাশিত হইলে এর সকল খরচ প্রথমপক্ষ বহন করিবেন।

৮. ভাড়াটিয়া দ্বিতীয়পক্ষ ক্ল্যাটের দখল কখনো অন্য কোন ৩য় পক্ষের নিকট হস্তান্তর করিতে পারিবে না বা কোন সাব-লেট দিতে পারিবে না এবং ভাড়াকৃত ক্ল্যাটে অযাচিত কোন লোকজন আসা-যাওয়া কিংবা অবস্থান করিতে পারিবে না।

৯. দ্বিতীয়পক্ষ উক্ত ক্ল্যাটে দেশের প্রচলিত আইন বিরোধী কোন কার্যক্রম পরিচালনা করিতে পারিবেন না। এবং ক্ল্যাটের মধ্যে অবৈধ কোন জিনিস রাখিতে পারিবেন না।

১০. দ্বিতীয়পক্ষ যদি কখনো বেআইনী ও অবৈধ ব্যবসা বানিজ্যের সাথে জড়াইয়া পড়েন কিংবা আইনের চোখে অপরাধী কোন ব্যক্তিকে আশ্রয় দেন তবে উহার জন্য প্রথমপক্ষ কোন অবস্থাতেই দায়ী থাকিবেন না। কিংবা কোনক্রমেই এতদবিষয়ে প্রথমপক্ষকে দায়ীকরা চলিবে না।

১১. প্রথমপক্ষ সময়ে সময়ে দ্বিতীয়পক্ষের ভাড়াকৃত ক্ল্যাটে প্রবেশ করিয়া পরিদর্শন করিতে পারিবেন। এরূপ ক্ষেত্রে দ্বিতীয়পক্ষ অবশ্যই প্রথমপক্ষকে সার্বিক সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

১২. দ্বিতীয়পক্ষ কমনস্পেসে কিংবা জানালা পথে কফ-থুথু , কাগজ কিংবা কোন বর্জ্য পদার্থ ফেলিতে পারিবেন না । এ সকল আবর্জনা সদা নির্দিষ্ট স্থানে ফেলিতে হইবে ।

১৩. লাউড -পীকার কিংবা উচ্চস্বরে কথোপকথন, ঝগড়া-বিবাদ কিংবা গান-বাজনা করা চলিবেনা যাহাতে প্রতিবেশীগণ বিরত বোধ করেন।

‘তফসিল পরিচয়’

জেলাঃ ঢাকা থানাঃ——- স্থিত, বাড়ী নং——, রোড নং——, ——আবাসিক এলাকা, —— ঢাকাN—— এর —— তলা ভবনের দক্ষিণ পাশে^১ অ-২ (— তলা) ফ্ল্যাটটি এবং আনুসঙ্গিক সুবিধাদি অত্র চুক্তিবদ্ধকৃত বটে।

এতদ্ব্যতীত স্বৈচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে অত্র ফ্ল্যাট ভাড়ার চুক্তিপত্র পাঠ করিয়া আমরা উভয় পক্ষের ইচ্ছানুযায়ী রচিত হওয়ায় উহার মর্ম ও ফলাফল সম্বন্ধে অবগত হইয়া অত্র ভাড়াটিয়া চুক্তিপত্রে নিজ নিজ নাম স্বাক্ষীগণের মোকাবেলায় সহি করিয়া দিলাম। ইতি তাং- /১০/২০২৪
অত্র ফ্ল্যাট ভাড়ার চুক্তিপত্র ৪ (চার) ফর্দে কম্পিউটার কম্পোজকৃত এবং স্বাক্ষী ৩ (তিন) জন বটে।

স্বাক্ষীগণের স্বাক্ষর :-

১।

২।

প্রথম পক্ষ/মালিকের স্বাক্ষর

দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়ার স্বাক্ষর